দৈনিক বাংলা

তারিখ 4/7/79
পৃষ্ঠা 1 কলাম 4

50

# ইসলামী শিক্ষা ইন্সটিটিউট স্থাপিত হচ্ছে: শাহ আজিজ

সরকার শীগগিরই দেশে একটি ইসলামী শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউট প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিয়েছেন। প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান গতকাল মঙ্গলবার এ কথা প্রকাশ করেন।

গতকাল মঙ্গলবার তিনি তাঁর অফিসে বাসস প্রতিনিধিকে জানান, এ ইন্সটিটিউটের উদ্দেশ্য হবে বিশ্ব ইসলামী শিক্ষা কেন্দ্রেরই অনুরূপ। ইসলামী সচিবালয় এ কেন্দ্র স্থাপন করতে যাচ্ছে।

শাহ আজিজ বলেন, এই ইন্সটিটিউটের মুখ্য উদ্দেশ্য হবে ইসলামী শিক্ষা বিশেষ করে ইসলামী নীতির ভিত্তিতে শিক্ষা, পাঠক্রম ও পাঠ্যতালিকা, শিক্ষক প্রশিক্ষণ ও অপ্রাতিষ্ঠানিক শিক্ষাদান সম্পর্কে গবেষণা চালানো।

প্রধানমন্ত্রী সকাশে—

বাংলাদেশ রেজিস্ট্রেশন সার্ভিস এসোসিয়েশনের একটি প্রতিনিধি দল গতকাল প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমানের সঙ্গে তাঁর অফিস কক্ষে সাক্ষাৎ করেন।

প্রধানমন্ত্রী ধৈর্য সহকারে তাদের বক্তব্য শোনেন এবং তাদের সমস্যাবলী সহানুভূতি সহকারে বিবেচনার আশ্বাস দেন।